গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-৩
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৭৪.০৩.০০১.১৭.১৫৮ তারিখঃ ০৮.০৩.২০১৭ খ্রিঃ।

বিষয় ঃ খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ এর উপর মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ কার্যকর হওয়ার পর বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০১০ এর মাধ্যমে মুল আইনের অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে। এই পরিবর্তনগুলো পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ -তে যথাযথভাবে প্রতিফলিত হওয়া প্রয়োজন। দীর্ঘ সময়ের ব্যবধানে পরিবেশের অবস্থা নির্দেশক বিভিন্ন মানমাত্রাগুলো পুনঃনির্ধারণ করার প্রয়োজনীয়তা রয়েছে। এছাড়া বিদ্যমান বিধিমালায় পরিবেশগত ছাড়পত্রের জন্য বিবেচ্য কারখানা বা প্রকল্পগুলোর বিভিন্ন শ্রেণীতে বিভক্ত তালিকা হালনাগাদ করা আবশ্যক। প্রসঙ্গতঃ উল্লেখ্য, বিদ্যমান বিধিমালায় চারটি শ্রেণী রয়েছে, যথা-সবুজ, কমলা-ক, কমলা-খ ও লাল) এবং প্রণীতব্য বিধিমালায় চারটি শ্রেণীর ভিন্নরূপ নামকরন করা হয়েছে, যথা-সবুজ, হলুদ, কমলা ও লাল। মূলতঃ পরিবর্তিত আর্থ-সামাজিক কর্মকান্ড, শিল্পায়ন, নগরায়নসহ বর্তমান বাস্তবতার প্রেক্ষাপটে বিদ্যমান বিধিমালার ব্যাপক পরিবর্তনের আবশ্যকতা অনুভুত হওয়ায় এই পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

বিধিমালাটির প্রস্তাবিত খসড়া প্রস্তুতিকালে পরিবেশ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সম্পৃক্ত করা হয়েছে। দীর্ঘ সময় ধরে আলোচনাকালে বিধিমালার প্রতিটি বিধি/উপবিধি ও মানমাত্রার সব তফসিল পর্যালোচনা করা হয়েছে। এগুলো নির্ধারণের জন্য আন্তর্জাতিক ক্ষেত্রে অনুসৃত এবং প্রতিবেশী দেশসমূহে অনুসরণীয় মানমাত্রার সাথে সঙ্গতি রাখা হয়েছে। বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতার আলোকে এবং বর্তমান দক্ষতা সম্পন্ন উন্নত প্রযুক্তির লভ্যতার বিষয়টি বিবেচনা করে পরিবেশের কতিপয় মানমাত্রা ও শ্রেণিগত তালিকা পরিবর্তনের সুপারিশ করা হয়েছে। খসড়া বিধিমালার উপর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ পরিবেশ সংশ্লিষ্ট দেশী ও বিদেশী বিশেষজ্ঞদের অনানুষ্ঠানিক পরামর্শ গ্রহণ করা হয়েছে। এছাড়া প্রস্তাবিত বিধিমালায় বাংলাদেশ বিনিয়োগ কর্তৃপক্ষ (বিডা) এবং Business Initiative Leading Development (BUILD) এর মতামত গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে। বর্তমানে খসড়া বিধিমালার উপর মন্ত্রণালয় পর্যায়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সংস্থাসহ বেসরকারি সংগঠনসমূহের মতামত গ্রহণ করে বিধিমালাটি চূড়ান্ত করা প্রয়োজন।

এমতাবস্থায়, খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ এর উপর স্ব-স্ব দপ্তরের মতামত (ই-মেইল ঃ mimi_tarannum@yahoo.com/mobarokb@yahoo.com) আগামী ১৫(পনের) দিনের মধ্যে পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moef.gov.bd) আপলোড করা আছে। তদুপরি খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ এর হার্ডকপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

8/3/2017

(রোকসানা তারান্নুম)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৭২২৩

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ।
০৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
০৬। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
০৭। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
০৮। সিনিয়র সচিব, ভুমি মন্ত্রণালয়।
০৯। সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১০। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
১১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১২। সচিব, আইন ও বিচার বিভাগ।

১৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
১৪। সচিব, কৃষি মন্ত্রণালয়।
১৫। সচিব, খাদ্য মন্ত্রণালয়।
১৬। সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, শেরেবাংলানগর, ঢাকা।
১৭। সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৮। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
১৯। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২০। সচিব, তথ্য মন্ত্রণালয়।
২১। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২৩। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
২৪। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২৫। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
২৬। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
২৭। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা।
২৮। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা।
২৯। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
৩০। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩২। সচিব, বিদ্যুৎ বিভাগ।
৩৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৩৪। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৩৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৩৬। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩৭। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩৮। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৩৯। সচিব, সেতু বিভাগ, বনানী, ঢাকা।
৪০। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
৪১। সচিব, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৪২। সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪৪। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
৪৫। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪৬। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৪৭। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৪৮। সচিব, জননিরাপত্তা বিভাগ
৪৯। সচিব, সুরক্ষা সেবা বিভাগ।
৫০। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫১। সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫২। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৫৪। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

অনুলিপি ঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
০২। প্রোগ্রামার, পরিবেশ ও বন মন্ত্রণালয়। (খসড়া পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পোস্ট করার অনুরোধসহ)।